



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন মিরপুরস্থ
৯নং সেকশনে স্বপ্ননগর আবাসিক ফ্ল্যাট প্রকল্পে (২য় পর্যায়ে)
অবরাদ্দকৃত ৬৯টি (কম/বেশী) ফ্ল্যাট বরাদ্দের

প্রসপেক্টাস ও আবেদনপত্র

মূল্য : ১০০০/- (এক হাজার) টাকা মাত্র



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার







১.০ আবেদনকারীগণের যোগ্যতা:

- ১.১ আগ্রহী বাংলাদেশী নাগরিক/ব্যক্তিগণকে নগদ ১০০০/- (এক হাজার) টাকা মাত্র অফেরতযোগ্য মূল্যে ক্রয়কৃত প্রসপেক্টাস এর সহিত নির্ধারিত ফরমে বিজ্ঞাপনে প্রকাশিত তারিখের মধ্যে আবেদন করিতে হইবে।
- ১.২ বিদেশে অবস্থানরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) ফ্ল্যাট ক্রয়ের জন্য আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দুতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বরাবরে FC A/C No-01100682 হিসাবে SWIFT CODE: BKSIBDDHA002, BASIC BANK LIMITED (Main Branch) Motijheel, Dhaka Bangladesh এর মাধ্যমে ২০ (বিশ) মার্কিন ডলার জমা প্রদান স্বাপেক্ষে সংগ্রহ করিতে পারিবেন। অথবা আবেদনকারী যেভাবে যে ঠিকানায় প্রসপেক্টাস পাইতে ইচ্ছুক সে ঠিকানাটি ই-মেইল ও ফ্যাক্স যোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়কে অবহিত করিলে (Chairman, National Housing Authority, 82 Segunbagicha, Dhaka-1000, Bangladesh. Phone: +88-02-9562762, Fax: +88-02-9562618, e-mail:-chairman@nha.gov.bd) সেই ঠিকানায় প্রসপেক্টাস প্রেরণ করা হইবে। তবে এইক্ষেত্রে ডাক মাণ্ডলের খরচ আবেদনকারীকে বহন করিতে হইবে।
- ১.৩ যদি কেহ নিজ নামে, স্ত্রী/স্বামী/সন্তান/পোষ্য বা বেনামে ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ ও উত্তর উভয়) আওতাধীন এলাকার মধ্যে কোন সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হইতে জমি/ফ্ল্যাট বরাদ্দ পাইয়া থাকেন তবে তিনি এই প্রকল্পে ফ্ল্যাট বরাদ্দের জন্য দরখাস্ত করিবার যোগ্য হইবেন না। এ বিষয়ে পরবর্তীতে উত্তরুপ প্রমাণিত হইলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হইবে।
- ১.৪ প্রত্যেক আবেদনকারীকে অবশ্যই প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিক এর সম্মুখে নির্ধারিত ছকে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প ০১.০৬.২০২৩ খ্রি. তারিখের পরে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। NRB এর জন্য কর্মরত দেশের প্রচলিত ব্যবস্থা /বাংলাদেশের দুতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ১.৫ আবেদনকারীর বয়স ০১.০৬.২০২৩ খ্রি. তারিখে ন্যূনতম ২৫ বছর হইতে হইবে।

২.০ প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয় এবং দাখিল :

- ২.১ ওয়ান ব্যাংক লিমিটেডের নিম্নলিখিত শাখা সমূহে অফিস চলাকালীন সময়ে ১০০০/- (এক হাজার) টাকা নগদ গ্রহণ সাপেক্ষে পত্রিকায় প্রকাশিত তারিখ হইতে ফ্ল্যাটের প্রসপেক্টাস বিক্রয় ও আবেদন গ্রহণ করা হইবে।
 ১. ওয়ান ব্যাংক লিমিটেড, গৃহায়ন ভবন বুথ শাখা, ৮২,সেগুনবাগিচা, ঢাকা।
 ২. ওয়ান ব্যাংক লিমিটেড, গৃহায়ন ভবন বুথ শাখা, আরএসএইচ টাওয়ার, প্লট নং-২৩,রোড নং-৩,ব্লক-এ, সেকশন-১১,মিরপুর, ঢাকা।
 ৩. ওয়ান ব্যাংক লিমিটেড, রিং রোড শাখা, শম্পা সুপার মার্কেট,৬/৭,আদর্শ নীড়,রিং রোড,শ্যামলী, ঢাকা।
 ৪. ওয়ান ব্যাংক লিমিটেড, রাজশাহী শাখা-৮৮-৯১,স্টেশন রোড,রানী বাজার,বোয়ালিয়া, রাজশাহী।



৫. ওয়ান ব্যাংক লিমিটেড, বগুড়া শাখা, ৭৩৯/এ, রাবু টাওয়ার, বগুড়া-রংপুর সড়ক, বড়গোলা, বগুড়া।
৬. ওয়ান ব্যাংক লিমিটেড, রংপুর শাখা, শাহবাড়ী টাওয়ার, ২৮৬ স্টেশন রোড, গুপ্তপাড়া, রংপুর।
৭. ওয়ান ব্যাংক লিমিটেড, বরিশাল শাখা, কে জাহান সেন্টার, ১০৬, সদও রোড, কোতয়ালী, বরিশাল।
৮. ওয়ান ব্যাংক লিমিটেড, খুলনা শাখা জে কে টাওয়ার, ৭৯ যশোর রোড, পিকচার প্যালেস, খুলনা।
৯. ওয়ান ব্যাংক লিমিটেড, সিডিএ এভিনিউ শাখা, এভিনিউ সেন্টার, ৭৮৭/এ, পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম।
১০. ওয়ান ব্যাংক লিমিটেড, সিলেট শাখা, ফিরোজ সেন্টার, ৮৯১/ক, চৌহাট্টা, সিলেট।
১১. ওয়ান ব্যাংক লিমিটেড, কুমিল্লা শাখা, হোল্ডিং নম্বর-৩৪৯, শহীদ খাজা নাজিম উদ্দিন রোড, বাদুরতলা, কোতয়ালী, কুমিল্লা।
১২. ওয়ান ব্যাংক লিমিটেড, মাইজদী কোর্ট শাখা, মাইজদী পৌর সুপার মার্কেট, মাইজদী, নোয়াখালী।
১৩. ওয়ান ব্যাংক লিমিটেড, যশোর শাখা, এম এস অর্কিড সেন্টার, ৪৪, এম.কে রোড, যশোর।
১৪. ওয়ান ব্যাংক লিমিটেড, কুষ্টিয়া শাখা, খুশি প্লাজা, ২৫৮ এন এস রোড, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
১৫. ওয়ান ব্যাংক লিমিটেড, ফরিদপুর শাখা, লাম শাহাজাদী টাওয়ার, ২১৩ আলীপুর রোড, ফরিদপুর, সদর, ফরিদপুর।

২.২ আত্রহী ব্যক্তিগণকে এ প্রসপেক্টাসের সহিত সংযুক্ত নির্ধারিত ফরমে (সংযুক্ত আবেদন ফরম) আবেদন করিতে হইবে। আবেদনপত্রের ফরমটি বিমুক্ত করে যথাযথভাবে পূরণ পূর্বক বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের মধ্যে ২.১ অনুচ্ছেদে বর্ণিত ওয়ান ব্যাংক লিমিটেডের উপরিউক্ত শাখাসমূহে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হইবে।

২.৩ আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে যে কোন তফসিলী ব্যাংক হইতে ১৫৪৫ বর্গফুট আয়তনের ফ্ল্যাটের জন্য টাকা-২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার), ১৩৩৮ বর্গফুট আয়তনের জন্য টাকা-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং ৮৭৮ বর্গফুট আয়তনের ফ্ল্যাটের জন্য টাকা-১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ) টাকা মাত্র ব্যাংক ড্রাফট/পে-অর্ডার চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ৮২, সেগুনবাগিচা, ঢাকা এর অনুকূলে জামানত হিসেবে জমা দিতে হইবে। যিনি ফ্ল্যাট বরাদ্দ পাইবেন তাঁহার জামানতের টাকা লটারী অনুষ্ঠিত হওয়ার অনধিক দুই মাসের মধ্যে সুদবিহীন ফেরত দেওয়া হইবে।

বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদন করিতে পারিবেন। তাহারা অবশ্যই সমপরিমাণ টাকা পাউন্ড/আমেরিকান ডলারে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর FC A/C No-01100682 হিসাবে SWIFT CODE : BKSIBDDHA002, BASIC BANK LIMITED (Main Branch) Motijheel, Dhaka Bangladesh এর মাধ্যমে প্রদান করিবেন। তাহাদের ক্ষেত্রে নোটারী পাবলিক/বাংলাদেশ দুতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে স্বাক্ষরযুক্ত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩.০ ফ্ল্যাটের মূল্য এবং ফ্ল্যাটের দখল হস্তান্তর :

৩.১ ফ্ল্যাটের প্রতি বর্গফুটের সাময়িক মূল্য টাকা-৫,০৯৬/- (পাঁচ হাজার ছিয়ানব্বই) মাত্র ধার্য করা হইয়াছে। সে হিসেবে ১৫৪৫ বর্গফুট (কম-বেশী) আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য টাকা-৭৮,৭৩,৩২০/- (কম-বেশী),

১৩৩৮ বর্গফুট (কম-বেশী) আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৬৮,১৮,৪৪৮/- (কম-বেশী) এবং ৮৭৮ বর্গফুট আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৪৪,৭৪,২৮৮/- টাকা (কম-বেশী) নির্ধারণ করা হইয়াছে। ভবন নির্মাণকালে কোন কারণে নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধি অথবা ফ্ল্যাটের আয়তন হ্রাস/বৃদ্ধি, সরকারকে প্রদেয় Income Tax/VAT বৃদ্ধি, Tender মূল্য কাজের পরিমাণ/আইটেম ইত্যাদির হ্রাস-বৃদ্ধির কারণে ফ্ল্যাটের মূল্য হ্রাস বৃদ্ধি পাইলে ফ্ল্যাটের হ্রাসকৃত/বর্ধিত মূল্য কিস্তির সহিত সমন্বয় করা হইবে এবং এই ক্ষেত্রে বরাদ্দ প্রাপকগণ সমন্বিত মূল পরিশোধে বাধ্য থাকিবেন, অন্যথায় বরাদ্দপত্র বাতিল বলে গণ্য করা হইবে এবং প্রদানকৃত সমুদয় টাকার শতকরা ৫% হারে কর্তন করিয়া অবশিষ্ট টাকা সুদে অনধিক তিন মাসের মধ্যে ফেরত প্রদান করা হইবে।

৩.২ বরাদ্দ প্রাপকের নিকট হতে ফ্ল্যাটের মূল্যের ৫০% পাওয়ার পর এবং নির্মাণ কাজ সম্পূর্ণরূপে সম্পন্ন হওয়ার পর বরাদ্দ প্রাপকের নিকট ফ্ল্যাটের দখল হস্তান্তর করা হইবে এবং সম্পূর্ণ কিস্তির টাকা পরিশোধের পর বরাদ্দ প্রাপকের নিজ খরচে ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করিতে হইবে। দখল হস্তান্তরের পর ফ্ল্যাটের রক্ষণাবেক্ষণের দায়-দায়িত্ব স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রাপকগণের উপর ন্যস্ত হইবে। দালান ভিত্তিক অথবা প্রকল্প ভিত্তিক সমিতি গঠনের মাধ্যমে বরাদ্দ প্রাপকগণ কমন সার্ভিস যেমন সাব-স্টেশন, লিফট, জেনারেটর, পানির পাম্প, পয়ঃপ্রণালী ও নিষ্কাশন ইত্যাদির যাবতীয় রক্ষণাবেক্ষন ব্যবস্থা গ্রহণ করিবেন এবং এ জন্য যাবতীয় বিলসহ আনুষঙ্গিক রক্ষণাবেক্ষনের ব্যবস্থা সমিতি কর্তৃক পরিচালিত হইবে। তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মতামত অবশ্যই গ্রহণ করিতে হইবে।

৩.৩ গাড়ী পার্কিং এর জন্য অতিরিক্ত টাকা-৫,০০,০০০/- (কম-বেশী) ৩ (তিন) কিস্তিতে পরিশোধ করিতে হইবে। উল্লেখ্য সকল ফ্ল্যাট বরাদ্দ প্রাপককে পার্কিং দেওয়া সম্ভব হইবে না। পার্কিং এর সংখ্যার তুলনায় আবেদনকারীর সংখ্যা বেশী হইলে উন্মুক্ত লটারীর মাধ্যমে পার্কিং এরিয়া বরাদ্দ দেয়া হইবে।

৩.৪ প্রকল্পের স্বার্থে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ প্রকল্পের মূল্য তালিকায় যে কোন ধরনের পরিবর্তন ও সমন্বয় করার ক্ষমতা সংরক্ষণ করিবে। এ ব্যাপারে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে না।

৪.০ কিস্তি পরিশোধ সংক্রান্তঃ

৪.১ ফ্ল্যাটের জন্য নির্বাচিত ব্যক্তিকে মোট মূল্যের ২৫% অর্থ বরাদ্দপত্র জারীর দেড় মাসের মধ্যে এবং ২৫% অর্থ পরবর্তী ৬ মাসের মধ্যে সুদবিহীনভাবে ২(দুই) কিস্তিতে ফ্ল্যাটের দখল গ্রহণের পূর্বেই পরিশোধ করিতে হইবে। ১ম ডাউনপেমেন্ট অবশ্যই পরিশোধ করিতে হইবে। অন্যথায় বরাদ্দপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল হিসেবে গণ্য হইবে।

৪.২ ফ্ল্যাটের দখল হস্তান্তরের পর অবশিষ্ট ৫০% অর্থ ২% সার্ভিস চার্জসহ এককালীন বা সর্বোচ্চ ১৬ বৎসরে ৯% সুদসহ মাসিক কিস্তিতে পরিশোধ করা যাইবে।

৪.৩ নির্দিষ্ট সময়সীমার মধ্যে বরাদ্দগ্রহীতা ফ্ল্যাটের অবশিষ্ট ৫০% অর্থের মাসিক কিস্তির অর্থ জমা দিতে ব্যর্থ হইলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর পূর্বানুমতি স্বাপেক্ষে ৩ (তিন) মাসের মধ্যে অতিরিক্ত ১৩% হারে সুদসহ কিস্তির টাকা জমা দিতে পারিবেন। ০৩ (তিন) মাস অতিক্রান্ত হলে ০৬ (ছয়) মাসের মধ্যে অতিরিক্ত ১৬% হারে সুদসহ কিস্তির টাকা জমা দিতে পারিবেন। ৬ (ছয়) মাসের অধিক সময় খেলাপী হলে কেন বরাদ্দ বাতিল করা হবেনা

ব্যাখ্যা চাওয়া হবে এবং যুক্তিসংগত কারন বিবেচনায় ০১ (এক) বছর পর্যন্ত ১৮% সুদ দিতে হইবে। বর্ধিত সময়ের মধ্যেও কিস্তির টাকা জমা দিতে ব্যর্থ হইলে ফ্ল্যাটের বরাদ্দ বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থের ৫% হারে কর্তন করিয়া অবশিষ্ট অর্থ এককালীন আবেদনকারী বা উত্তরাধিকারীকে ফেরত প্রদান করা হইবে।

৪.৪ ফ্ল্যাটের জন্য বিদেশে কর্মরত বরাদ্দ প্রাপককে ফ্ল্যাটের মূল্যের ৫০% অর্থ পাউন্ড/স্টার্লিং/আমেরিকান ডলারে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর FC AC No- 01100682 হিসাবে SWIFT CODE : BKSIBDDHA002, BASIC BANK LIMITED (Main Branch) Motijheel, Dhaka Bangladesh এর মাধ্যমে প্রদান করিতে হইবে।

৪.৫ বরাদ্দ প্রাপক ফ্ল্যাটের মূল্য একাধিক কিস্তি একত্রে অথবা এককালীন পরিশোধ করিতে পারিবেন।

৪.৬ যাহারা লটারীতে ফ্ল্যাট পাইবেন না তাহাদের জামানতের টাকা বরাদ্দ প্রাপকের তালিকা প্রকাশের পর অনধিক ২(দুই) মাসের মধ্যে নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা অফিস হইতে বাংলাদেশী মুদ্রায় ফেরত দেওয়া হইবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হইবে না।

৪.৭ সকল আবেদনকারী তাদের জামানতের টাকা যে ব্যাংক ও একাউন্ট নম্বরে পাইতে ইচ্ছুক তাহার একাউন্ট নাম্বার, ব্যাংকের নাম ও ঠিকানা আবেদন পত্রে উল্লেখ করিবেন। যে সকল আবেদনকারী ফ্ল্যাট পাইবেন না অথবা ফ্ল্যাট পাইলে পরবর্তীতে নিতে আগ্রহী হইবেন না তাহাদের জামানতের টাকা উক্ত একাউন্ট নম্বর ও ঠিকানায় আবেদন স্বাপেক্ষে প্রেরণ করা হইবে।

৪.৮ যে সকল আবেদনকারী ফ্ল্যাটের বরাদ্দ পাইবেন, তাহাদের প্রদত্ত জামানতের টাকা ফ্ল্যাটের মূল্যের প্রথম কিস্তির সহিত সমন্বয় করা হইবে।

৪.৯ বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ পাউন্ড স্টার্লিং/আমেরিকান ডলার অথবা এফ সি একাউন্ট এর মাধ্যমে বাংলাদেশী মুদ্রায় ফ্ল্যাটের মূল্য পরিশোধ করিতে পারিবেন। সরকার (এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) জমাকৃত অর্থ ফেরত দিলে উহা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেওয়া হইবে। বৈদেশিক মুদ্রায় বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস পাইলে তাহা গ্রহণে সক্ষম থাকিতে হইবে।

৫.০ বরাদ্দ পত্র বাতিল করণ, উচ্ছেদকরণ/ফ্ল্যাটের বরাদ্দ হতে অব্যাহতি গ্রহণঃ

৫.১ যে সকল আবেদনকারী ফ্ল্যাট বরাদ্দ পাওয়া সত্ত্বেও ফ্ল্যাট নিতে ইচ্ছুক হইবেন না, তাহারা জামানতের টাকা ফেরত চাইয়া আবেদন করিলে প্রাপ্তির অনধিক ২(দুই) মাসের মধ্যে জমাকৃত জামানতের অর্থ সুদ বিহীন ফেরত দেওয়া হইবে।

৫.২ অসম্পূর্ণ এবং ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। ইচ্ছাকৃতভাবে তথ্য গোপন করিলে বা ভুল তথ্য পরিবেশন করিলে এবং প্রমাণিত হইলে, বরাদ্দপত্র বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হইবে।

৫.৩ একান্নভুক্ত পরিবার হইলে মাত্র একটি আবেদন করা যাইবে। একান্নভুক্ত পরিবারের সদস্যগণ একাধিক ফ্ল্যাট বরাদ্দ পাইলে এবং তাহা কোন সময়ে প্রমাণিত হইলে, ফ্ল্যাট বরাদ্দ বাতিল করা হইবে এবং ফ্ল্যাটের জন্য জমাকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে।

৫.৪ বাজেয়াপ্ত ব্যক্তি ফ্ল্যাট বরাদ্দ পাইবার পর বরাদ্দপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করিলে বরাদ্দপত্র বাতিল হিসেবে গণ্য হইবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হইবে।

৫.৫ ফ্ল্যাট গ্রহীতা কর্তৃপক্ষের লিখিত পূর্ব অনুমোদন ব্যতীত ফ্ল্যাটের বন্ধক, লীজস্বত্ব হস্তান্তর, কোন দায় সৃজন, বায়না, পাওয়ার অব এটর্নী (আম-মোক্তার) ইত্যাদি প্রদান করিতে পারিবেন না। এই শর্তে ভঙ্গের কারণে বরাদ্দপত্র বাতিল করা হইবে।

৫.৬ বরাদ্দ প্রাপকের মৃত্যুজনিত ক্ষেত্রে বৈধ ওয়ারিশগণকে মৃত্যুর পরবর্তী এক বছর সময়সীমার মধ্যে কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে। অবশিষ্ট কিস্তির সমুদয় টাকা ওয়ারিশগণ সংশোধিত বরাদ্দপত্র গ্রহণ করিয়া নিয়মিতভাবে পরিশোধ করিতে বাধ্য থাকিবেন। মূল বরাদ্দ প্রাপকের উপর প্রযোজ্য সকল শর্তাবলী তাঁহার ওয়ারিশগণের উপরও বর্তাইবে। ওয়ারিশগণ টাকা পরিশোধে ব্যর্থ হইলে বরাদ্দপত্র বাতিল করা হইবে এবং জমাকৃত টাকা ৫% কর্তন করিয়া তিন মাসের মধ্যে অবশিষ্ট টাকা ফেরত দেওয়া হইবে।

৬.০ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী/শর্তাবলীঃ

৬.১ প্রকল্পটি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করা হইবে।

৬.২ প্রকল্পে ১৫৪৫ বর্গফুট (সিড়ি, লবি ও লিফটসহ) আয়তনের ৯৩৬টি ফ্ল্যাট, ১৩৩৮ বর্গফুট (সিড়ি, লবি ও লিফটসহ) আয়তনের ৪১৬ টি এবং ৮৭৮ বর্গফুট (সিড়ি, লবি ও লিফটসহ) আয়তনের ২০৮ টি ফ্ল্যাট নির্মিত হইবে।

৬.৩ প্রতিটি ভবনের নীচ তলা এবং বেইজমেন্ট কারপার্কিং এর জন্য ব্যবহৃত হইবে এবং পার্কিং স্পেস লটারীর ভিত্তিতে নির্ধারিত দরে বরাদ্দ করা হইবে।

৬.৪ প্রতিটি ভবনের অন্যান্য তলায় ফ্ল্যাটগুলো অনুচ্ছেদ ১০.০ এ বর্ণিত বিবরণ অনুযায়ী প্রণীত তালিকা হইতে প্রযোজ্য ক্ষেত্রে পয়েন্ট এর ভিত্তিতে বা লটারীর মাধ্যমে নির্ধারণ করা হইলে এবং বরাদ্দ প্রাপক লটারীতে প্রাপ্ত ফ্ল্যাট গ্রহণে বাধ্য থাকিবেন।


৬.৫ প্রতিটি ভবনের জেনারেটর ও লিফট সংযোজনের (10 Passanger, 800 kg, 15 stop) ব্যবস্থা রাখা হইয়াছে। এছাড়া প্রতিটি ভবনে Stair Case এর ব্যবস্থা আছে।

৬.৬ ফ্ল্যাট বিল্ডিং এর যাবতীয় মেরামতসহ অন্যান্য সুবিধাদি ও বসবাসের পরিবেশ বজায় রাখার দায়িত্ব বরাদ্দ গ্রহীতাগণ যৌথ ভাবে পালন করিবেন। তাহারা এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষের অনুমতিক্রমে এক মাসের মধ্যে একটি সমিতি গঠন করিবেন। আবাসিক ভবনসমূহে আনুষঙ্গিক এবং সাধারণ সুবিধাদি সমূহ ইজারা দলিলে (Lease Deed) প্রতিফলিত হইবে।

৬.৭ ১৫০০ বর্গফুট (কম-বেশী) আয়তন বিশিষ্ট ভবনের ক্ষেত্রে বরাদ্দকৃত ভবনটি যে পরিমাণ জায়গার উপর নির্মিত হইয়াছে তাহার ১/১০৪ ভাগ জায়গা, ১৩৩৮ বর্গফুট (কম-বেশী) আয়তন বিশিষ্ট ভবনের ক্ষেত্রে বরাদ্দকৃত ভবনটি যে পরিমাণ জায়গার উপর নির্মিত হইয়াছে তাহার ১/১০৪ ভাগ জায়গা এবং ৮৭৮ বর্গফুট (কম-বেশী) আয়তন বিশিষ্ট ভবনের ক্ষেত্রে বরাদ্দকৃত ভবনটি যে পরিমাণ জায়গার উপর নির্মিত হইয়াছে তাহার ১/১০৪ ভাগ জায়গা অবিভক্ত ও অচিহ্নিত অবস্থায় আবেদনকারী মালিক হইবেন। যাহা (Lease Deed) উল্লেখ থাকিবে। যাহারা ফ্ল্যাটের বরাদ্দ পাইবেন তাহারা ৯৯ বছরের লীজ শর্তে সংশ্লিষ্ট ফ্ল্যাটটির Lessee হইবেন, কিন্তু রাস্তা বা খালি জায়গার অধিকারী হইবেন না বা ভবিষ্যতে একক বা যৌথভাবে পার্শ্ববর্তী জমির মালিকানা বা অধিকার দাবী করিতে পারিবেন না। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ তার নিজস্ব নীতিমালা ও নিয়মকানুনের আলোকে খালি জায়গা ব্যবহারের নিরঙ্কুশ অধিকার সর্বাঙ্গীয় সংরক্ষণ করিবেন।

৬.৮ বরাদ্দ প্রাপ্ত ফ্ল্যাটগুলি আবাসিক ব্যবহার ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাইবেনা।

৬.৯ ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে অবশ্যই বরাদ্দ প্রাপককে যথানিয়মে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।



৭.০ আবেদনকারীগণকে নিম্নে বর্ণিত কাগজপত্রাদি মূল আবেদনের সাথে দাখিল করতে হইবে-

- ৭.১ যে সকল সরকারী চাকুরীজীবির PIMS সফটওয়্যারের মাধ্যমে ডাটা সংরক্ষণ করা হইয়া থাকে তাহারা সংশ্লিষ্ট সফটওয়্যার থেকে নিম্নোক্ত তথ্যাদি ডাউনলোড করে দাখিল করিতে পারিবেন। যে সকল চাকুরীজীবির PIMS সফটওয়্যারের মাধ্যমে ডাটা সংরক্ষণ করা হয়না তাহারা প্রতিষ্ঠান প্রধান/ নিয়ন্ত্রনকারী কর্মকর্তার নিকট হইতে আবেদনকারীর পরিচিতি (নাম, পদবী, জন্ম তারিখ) আবেদনের তারিখে মাসিক মূল বেতন, বেতন স্কেল উল্লেখ পূর্বক সার্টিফিকেট এবং প্রযোজ্য ক্ষেত্রে আয়কর সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের উক্ত সার্টিফিকেট বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত করিয়া সংযুক্ত করিতে হইবে।
- ৭.২ যাহাদের বাৎসরিক আয় ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকার উর্ধ্বে তাহাদেরকে হালনাগাদ আয়কর পরিশোধের সনদ/ জমা স্লিপ আবেদনপত্রের সহিত সত্যায়িত করিয়া সংযুক্ত করিতে হইবে।
- ৭.৩ বীর মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযোদ্ধা সনদপত্র/সাময়িক সনদপত্রের/অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদির সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।
- ৭.৪ বীর মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধার সন্তান ও স্ত্রী/স্বামী উক্ত প্রকল্পের ফ্ল্যাটের জন্য আবেদন করিতে পারিবেন। তবে বীর মুক্তিযোদ্ধাদের অগ্রাধিকার দেয়া হইবে।
- ৭.৫ অবসরপ্রাপ্ত চাকুরীজীবীকে অবসর গ্রহণের নোটিফিকেশন, শেষ বেতন স্কেল ও মোট বেতনের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/স্বায়ত্বশাসিত সংস্থার ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতঃ আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৭.৬ প্রকল্প এলাকার জমি অধিগ্রহণ জনিত ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ আবেদন করিতে পারিবেন, তবে তাহাদিগকে এওয়র্ড সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।
- ৭.৭ পেশাজীবী অর্থ্যাৎ প্রকৌশলী, আইনজীবী, চিকিৎসক প্রভৃতি আবেদনকারীগণকে স্ব স্ব রেজিস্টার্ড কেন্দ্রীয় সংগঠনের প্রত্যয়নপত্র অবশ্যই দাখিল করিতে হইবে।
- ৭.৮ আবেদনকারীর সঠিক বয়স প্রমানের জন্য ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীর ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত এসএসসি/সমমান পরীক্ষা পাশের সার্টিফিকেটের অনুলিপি আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। যাহারা এসএসসি/সমমান পরীক্ষা পাশ করেন নাই, তাহাদের বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র/ ভোটার আইডি কার্ড/জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্ট/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কমিশনারের সার্টিফিকেট সংযুক্ত করিতে হইবে।
- ৭.৯ আবেদন পত্রের সহিত আবেদন পত্র ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করিতে হইবে।

৮.০ যে সকল কারণে আবেদনপত্র বাতিল বলে গণ্য হইবে:

- ৮.১ অসম্পূর্ণ/অস্বাক্ষরিত/অসত্য/ত্রুটিপূর্ণ সম্বলিত আবেদন
- ৮.২ ঘষামাঝা/ফুইড দেয়া আবেদন।
- ৮.৩ নিজ নামে ইস্যুকৃত আবেদনপত্র ব্যতিত অন্য আবেদন।
- ৮.৪ ফটোকপিকৃত আবেদনপত্র।

৮.৫ অনুচ্ছেদ ৭ এ চাহিত কাগজপত্র কোন একটি বাদ পড়লে।

৯.০ ভবনের আনুষঙ্গিক তথ্যাদি ও সুযোগ-সুবিধাদি-

- ৯.১ নির্মিতব্য ভবন ১৫ টি যথাযথ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুযায়ী ১৪-তলা বিশিষ্ট RCC Frame Structure এর উপর নির্মিত হইবে।
- ৯.২ ভূমিকম্প ও ঘর প্রতিরোধক হইবে।
- ৯.৩ বৈদ্যুতিক:- স্বতন্ত্র বৈদ্যুতিক মিটার, Concealed conduit electric wiring, Earthing Connection, Concealed Telephone Points / Intercom/ TV Points / Standby Generator Points / Solar/Lift/ Emergency Light/Fan Points এর ব্যবস্থা থাকিবে এবং যাবতীয় বিদ্যুতের পরিপূর্ণ সুবিধা থাকিবে।
- ৯.৪ অগ্নি নির্বাপক ব্যবস্থা : প্রতিটি ফ্লোরে অগ্নি নির্বাপনের জন্য Fire Extinguisher এর ব্যবস্থা থাকবে।
- ৯.৫ উল্লিখিত Specification এর বহির্ভূত কোন কাজের বা সুবিধার নির্দিষ্ট চাহিদা থাকলে বরাদ্দ প্রাপক পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমতি স্বাপেক্ষে নিজ দায়িত্বে করিতে পারিবেন। তবে শর্ত থাকিবে যে, কোনক্রমেই দালানের মূল নক্সায় কোন পরিবর্তন/পরিবর্ধন করা যাইবে না।

১০.০ ফ্ল্যাট বরাদ্দের নিয়মাবলী-

- ১০.১ আবেদনকারীকে নিম্নবর্ণিত (ক) গ্রুপ হইতে (গ) গ্রুপে আবেদন করিতে হইবে। (ক) গ্রুপ হইতে (খ) গ্রুপে ফ্ল্যাটের প্রাপ্যতা অপেক্ষা আবেদন পাওয়া না গেলে অবশিষ্ট ফ্ল্যাটসমূহ কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক সাধারণ কোটায় সরাসরি সংযোজিত হইবে।

ক্র. নম্বর	ক্যাটাগরী	ফ্ল্যাট সংখ্যা		
		১৫৪৫ বর্গফুট	১৩৩৮ বর্গফুট	৮৭৮ বর্গফুট
ক	সংরক্ষিত কোটা :			
	সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।	২ টি	২ টি	২ টি
খ	মুক্তিযোদ্ধা	১টি	২টি	৪টি
গ	সাধারণ কোটা	২ টি	৭টি	৪৭টি
	সর্বমোট=	৫ টি	১১টি	৫৩টি

- ১০.২ চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকার দপ্তরে লটার, কোটাভিত্তিক বরাদ্দ প্রাপক /ফ্ল্যাট নির্ধারণ করা হইবে।
- ১০.৩ ফ্ল্যাটের প্রাপ্যতা অপেক্ষা আবেদন বেশী পাওয়া গেলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লটারীর মাধ্যমে অপেক্ষমাণ তালিকা প্রস্তুত করা হইবে। পরবর্তীতে কোন ফ্ল্যাট খালি/সমর্পণ হইলে অপেক্ষমাণ তালিকা হইতে সিরিয়াল অনুযায়ী বরাদ্দ প্রদান করা হইবে।
- ১০.৪ বর্ণিত প্রকল্পে ইতোপূর্বে তিন দফায় বিজ্ঞপ্তি প্রকাশ করে বিভিন্ন কোটায় ফ্ল্যাটের প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হইয়াছে। মাননীয় মন্ত্রীর জন্য সংরক্ষিত কোটায় আবেদন গ্রহণ করে নিষ্পত্তি করা হইয়াছে এবং বর্তমানে

কিছু ফ্ল্যাটবরাদ্দের বিষয়টি প্রক্রিয়াধীন রহিয়াছে। ফলে চতুর্থ দফায় বিজ্ঞপ্তি প্রকাশের ক্ষেত্রে মাননীয় মন্ত্রীর জন্য সংরক্ষিত কোটায় ফ্ল্যাট সংরক্ষণ করা হয় নাই।

- ১০.৫ যে কোন ধরনের জটিলতা এবং আপত্তির ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড সভার সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হইবে।
- ১০.৬ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ যে কোন সময়ে প্রসপেক্টাসে উল্লেখিত যে কোন শর্ত/শর্তাদি পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজন/ বিয়োজন এর ক্ষমতা সংরক্ষণ করে।

১১.০ চুক্তিপত্র সম্পাদনঃ

- ১১.১ দখলপত্রের গ্রহণের সময় বরাদ্দ প্রাপককে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে নির্ধারিত সকল শর্তাবলী প্রতিপালনের লক্ষ্যে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।


১২.০ ইজারা দলিল সম্পাদনঃ

- ১২.১ ফ্ল্যাটের সমুদয় মূল্য পরিশোধের পর বরাদ্দ প্রাপককে নিজস্ব ব্যয় ও উদ্যোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সহিত ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করিতে হইবে।
- ১২.২ বরাদ্দ প্রাপকগণ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অন্য কোন প্রকল্পের বা হাউজিং এন্ট্রিট এর প্রযোজ্য কোন শর্ত/সুবিধাকে এই প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য বলিয়া দাবি করিতে পারিবেন না।
- ১২.৩ প্রসপেক্টাস অনুমোদনকারী কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময় প্রসপেক্টাসে বিদ্যমান অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন এবং নতুন অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করে।

চেয়ারম্যান

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

৮২,সেগুনবাগিচা, ঢাকা।



পরিশিষ্ট-১
৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে
“হলফ নামার নমুনা”

১ কপি ছবি

আমি :

পিতা/স্বামী :

মাতা.....

জন্ম তারিখ:

ঠিকানায় বসবাসরত এবং আমার স্থায়ী ঠিকানা:,থাম.....

ডাকঘর.....,থানা.....

জেলা.....,নাগরিকত্ব.....

এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক ফ্ল্যাটের প্রয়োজন এবং আরও অঙ্গীকার করছি যে, রাজউক(সাবেক টিআইটি)/ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ ও উত্তর উভয়) এলাকার মধ্যে কোথাও আমার নিজ নামে বা স্ত্রী/স্বামী/সন্তান/পোষ্যর নামে কিংবা বেনামে ইতোপূর্বে কোন সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হইতে জমি/ফ্ল্যাট বরাদ্দ পাই নাই।

আমি আরও অঙ্গীকার করছি যে, প্রসপেক্টাসের যাবতীয় শর্তাবলী এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল শর্তাবলীও মেনে চলিব।

উপরোক্ত ঘোষণা সত্য ও নির্ভুল।


.....
হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত
তিনি আমার সম্মুখে স্বাক্ষর করেছেন।
আমি তার পরিচয়দানকারী।

নোটারী পাবলিক/প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট

এ্যাডভোকেট

বিদেশে কর্মরত কর্মকর্তা প্রার্থীদের জন্য সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর



আবেদনপত্রের ক্রমিক নম্বর

অফিস কর্তৃক পূরণীয়

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নায়ী মিরপুরস্থ ৯ নং সেকশনে (মিরপুর ডিওএইচএস সংলগ্ন) স্লট ও মধ্যম আয়ের লোকদের জন্য সিডি, লবি ও লিফটসহ ১৫৪৫ বর্গফুট, ১৩৩৮ বর্গফুট এবং ৮৭৮ বর্গফুট আয়তনের ১৫৬০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ শীর্ষক প্রকল্পে অবরাদ্দকৃত ৬৯টি কম/বেদী (১৫৪৫ বর্গফুট ০৫টি, ১৩৩৮ বর্গফুট ১১টি, ৮৭৮ বর্গফুট ৫৩টি) ফ্ল্যাট বরাদ্দের স্বপ্নদপনর আবাসিক প্রকল্প ২য় পর্যায়।

২ (দুই) কপি পাসপোর্ট
সাইজের সদ্য তোলা ছবি
১ (এক) কপি সুদৃঢ়ভাবে
আঠা দিয়ে লাগানিতে হইবে

আবেদনপত্র

- আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে) বাংলায়:.....
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে):.....
- পিতা/স্বামীর নাম :মাতার নাম
- আবেদনকারীর জন্ম তারিখ (০১.০৬.২০২৩ ইং তারিখে বয়স) :বয়স :বছর.....মাসদিন
(বয়সের প্রমাণপত্র সংযুক্ত করিতে হইবে)
- বর্তমান ঠিকানা : মোবাইল.....
- টেলিফোন (যদি থাকে):.....
- স্থায়ী ঠিকানা :
- জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন নম্বর ই মাইল নম্বর (যদি থাকে):
- পেশার বিবরণ :
- অফিস/সংস্থা/বাসা প্রতিষ্ঠানের নাম:
- চাকুরীজীবী হইলে (১) পদের নাম : (২) বেতন স্কেল :
- বর্তমান প্রাপ্ত মূল বেতন : (৪) চাকুরীতে যোগদানের তারিখ :
- মেয়াদকাল:.....
- ব্যবসায়ী হইলে ব্যবসার ধরণ:
- অন্যান্য উৎস হইতে আয়:
(আয়ের স্বপক্ষে প্রমাণপত্র এবং আয়কর সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে)
- টি আইএন নম্বর:
- প্রসপেক্টাস ও আবেদনপত্রের ফর্ম ক্রয়ের রশিদ নম্বর: তারিখ:.....
(মূল রশিদ সংযুক্ত করিতে হইবে)
- চেরায়ম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাইফট নং-.....
তারিখ : ব্যাংকের নাম : শাখা :
- মার্কিন ডলার/পাউন্ড স্টার্লিং এর বিবরণ:
- আবেদনকৃত ফ্ল্যাটের আয়তন :
(কোন প্রকার কাটাকাটি/ঘষা মাজা/ফ্লুইড ব্যবহার করা যাবে না)
- যে কেটায় পেতে অগ্রহী.....
(কোন প্রকার কাটাকাটি/ঘষা মাজা/ফ্লুইড ব্যবহার করা যাবে না)
- প্রসপেক্টাসে বর্ণিত চাহিদা মতে সকল প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করিতে হইবে ।
- হলফনামার তারিখ
(০১.০৬.২০২৩ খ্রি. তারিখের পর সম্পাদিত ৩০০/- টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্প হলফনামা সংযুক্ত করিতে হবে) NRB এর জন্য কর্মরত দেশের প্রচলিত ব্যবস্থা /বাংলাদেশে দুতবাসের কোন কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা গৃহীত হইবে ।
আমি অঙ্গীকার করছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্ভুল এবং সত্য ।
- আবেদনকারীর (নিজ নামে) ব্যাংক হিসাব নম্বর:
ব্যাংকের নাম :
- শাখা:
Swift Code (যদি থাকে) :Routing No (যদি থাকে):
- জামানতের অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে) ।

আবেদনের তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর

(বিশেষ দ্রষ্টব্য: আবেদনপত্র পূরণ করিবার পূর্বে অনুগ্রহ পূর্বক প্রসপেক্টাস মনোযোগ দিয়া পাঠ করিবেন)



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.nha.gov.bd